কেউ মৃত্যুবরণ করলে তার দাফন-কাফন ও জানাযায় শরীক হওয়া । কেউ দাওয়াত করলে গ্রহণ করা। । কারো সাক্ষাৎ হলে সালাম দেয়া। । কেউ হাঁচি দিয়ে 'আলহাম্দূলিল্লাহ্' বললে তার জবাবে ইয়ারহামুকাল্লাহ বলা । উপস্থিত বা অনুপস্থিত উভয় অবস্থায় একে অপরের কল্যাণ কামনা করা । মজলুম অর্থাৎ উৎপীড়িতের সাহায্য করা । কুসম বা শৃষ্ঠুত দাতার কসম পূর্ণ করা। । কেউ পরামর্শ চাইলে তাকে পরামর্শ দেয়া। (রুখার), মুসলিম, নাসায়ী, ইবনু মাজাহ্)

## প্রাক্তি প্রাক্তি বা বিশ্ব বি

- □ সে অসুস্থ হয়ে পড়লে তার কৌশল জিঞ্জাসা করা । মারা গেলে জানাযায় যাওয়া
   □ ধার চাইলে ধার দেয়া । বস্ত্রহীন হলে বস্ত্র দেয়া । আনন্দের সময় মুবারকবাদ
  ধন্যবাদ দেয়া । বিপদ্ধস্থ হলে সাভনা দেয়া । নিজের গৃহ বা গৃহের কাজ কর্মের দ্বারা
  তার ক্ষতি না করা। (দ্বিরানী)
- প্রতিবেশীকে কোন রকম কষ্ট না দেয়া আল্লাহ্ ও পরকাল বিশ্বাসের বাস্তবতার একাংশ। (র্থারী ফুলিয়)

প্রিতিবেশীর কষ্ট হয় কিংবা প্রতিবেশী সহা করতে পারে না এমন কোন কাজ বা আচরণ না করা যা তার নিজের কাছে যত ছওয়াব বা কল্যাণকর কাজ বলে মনে হউক না কেন।

#### দিতীয় অধ্যায় রাসূল (ছুঃ) এর উপর দর্মদ ও সালাম পাঠ

রাসূল (ছঃ) এর উপর দর্মদ এবং সালাম পাঠের গুরুত্ব ও ফদ্বীলতঃ

আমাদের দেশে প্রচলিত ভাষায় দর্মদ শব্দটি মূলত ফার্মী শব্দ। কুরআন ও হাদীছ তথা আরবী ভাষায় দর্মদের পরিভাষা হলো کَسَلُو (ছালাত) ছালাত শব্দের বিভিন্ন অর্থ রয়েছে তনাধ্যে ছালাতের এক অর্থ হলো দর্মদ অর্থাৎ রাসূল ছুঃ এর উপর আল্লাহর্ তা'লার রহমত কামনা করা। আল্লাহ রাব্দুল আলামীন সমানদার লোকদেরকে নবীর উপর ছালাত ও সালাম অর্থাৎ দর্মদ ও সালাম পাঠ করার বিধান করে দিয়েছেন।

إِنَّ اللَّهَ وَمَلَآثِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ، يَا أَيُّهَا الَّذِينَ أَمَنُوا صَلُّوا ﴿ عَلَيْهِ وَسَلُّوا اللَّهِ وَسَلَّمُوا صَلُّوا اللَّهِ وَسَلِّمُوا تَسُلِئُمًا.

আল্লাহ্ এবং তাঁর ফিরিশুতারা নবীর উপর দর্মদ পাঠ করেন। হে ঈমানদারেরা। তোমরাও তাঁর উপর দর্মদ এবং সালাম পাঠাও। (সুরা সাংখ্যর) রাম্মলুল্লাহ ছালাল্লাহ 'আলাইহে ওয়া সালাম বলেছেন-

ٱلْيَخِيُلُ اللَّذِي ذُكِرْتُ عِنْدُهُ قَلَمْ يُصُلِّ عَلَى .

যে ব্যক্তির উপস্থিতিতে আমার নাম উচ্চারিত হবে, কিন্তু আমার প্রতি দরদ পাঠ করবেনা, সে বড় কৃপণ। (ভিন্নমী)

নাইরেদুনা মুহাম্মদ (ছঃ) আল্লাহ্ তা'লার পক্ষ থেকে বাসূল হিসেবে প্রেরিত হয়ে তাঁর উপত্র এবং পুরা মানব জাতির উপর যে এহসান করেছেন এর পরিপ্রেক্ষিতে তাঁর উপর ছালাত ও সালাম অর্থাৎ আল্লাহর রহমত ও কল্যাণ কামনা করা প্রতিটি উদ্মতের জন্য একটা নৈতিক দায়িত্ব। আর দরূদ ও সালাম পাঠ করার মধ্যে মূলত দরূদ ও সালাম পাঠকারীরই কল্যাণ। কারণ রাস্লুলাহ্ (ছঃ) বলেছেন-

أَوْلِي النَّاسِ بِي يَوْمَ الْقِيَّامَةِ اكْثُرُهُمْ عَلَى صَلْوةً.

কিয়ামতের দনি সে ব্যক্তিই আমার সবচেয়ে নিকটবর্তী হবে, যে আমার উপর বেশী বেশী দরদ পাঠ করে। (ভিন্নমন্ত্রী)

مَنْ صَلَّ عَلَيَّ صَلْوةً وَاحِدَةً صَلَّى اللَّهُ عَشَر صَلَوَاتٍ وَحُطَّتُ عَنْهُ

## عَشْرُ خِطِينًا آتٍ وَّرْفِعَتْ لَهُ عَشْرُ دَرَجَاتٍ.

যে ব্যক্তি আমার প্রতি একবার দর্মদ পাঠ করে, আল্লাহ্ তা'লা তার প্রতি দশবার রহমত নাযিল করেন এবং তার দশটি গুনাহ্ (ছুগিরা) মার্জনা করা হয় ও তার দশটি মর্যাদা বৃদ্ধি করা হয়। (নাসায়ী)

## مَا مِنْ أَحَدٍ يُسَلِّمُ عَلِيَّ إِلَّا رَدَّ اللَّهُ عَلَى رُوحِي حَتَّى أَرُدُّ عَلَيْهِ الْسَّكَامَ.

তোমাদের যে কেউ আমার উপর সালাম পাঠ করে আল্লাই তথনই আমার রূহ আমাকে ফেরত দেন এবং আমি তার সালামের জবাব দেই (আর্কাউন)

...... এবং আপনার উন্মতের মধ্যে যে কেউ আপনার প্রতি একবার সালাম পেশ কররে আমি (আল্লাহ্) তার প্রতি দশবার শান্তি বর্ষণ করব। (নাসায়ী, দারেমী)

## দর্মদ এবং সালাম পাঠের আনুসঙ্গিক জ্ঞাতাব্য বিষয়

া রাস্লুলাহ (ছঃ) এর প্রতি যখন দর্মদ পাঠ করা হয়, তা যদি তাঁর রওজার কাছে পাঠ করা হয় তাহলে তা তিনি সরাসরি ভনে থাকেন। আর যদি দূর থেকে রাসূল (ছুঃ) এর প্রতি দর্মদ পাঠ করা হয় তাহলে তা তাঁর নিকট পৌছানো হয়। রাসূল (ছুঃ) বলেছেন-

مَنْ صَلَّى عَلَى عِنْدَ قَبْرِي سَمِعْتُهُ وَمَنْ صَلَّى نَائِيًا أَبِلُغْتُهُ

যে ব্যক্তি আমার কবরের কাছে এসে আমার প্রতি দক্ষদ পাঠ করবে তা আমি সরাসরি শুনতে পাই। আর যে দূরে থেকে আমার প্রতি দক্ষদ পাঠ করবে তা আমার নিকট পৌছানো হয়। (ব্যৱহান্ত্রী)

■ রাস্ল (ছঃ) এর প্রতি সালাম পাঠ করা হলে তা তাঁর নিকট পৌছিয়ে দেয়া হয়। রাস্ল (ছঃ) বলেছেন-

আল্লাহর কতক ফিরিশতা রয়েছেন, যাঁরা পৃথিবীতে ভ্রমণ করেন এবং আমার উন্মতের সালাম আমার নিকট পৌছান। (নানায়ী, দার্মী)

উল্লেখিত হাদীছ দু'টির মাধ্যমে একথাই প্রমাণ হয় যে, রাসূল (ছুঃ) এর প্রতি যেখানেই দর্মদ ও সালাম পাঠ করা হয়, সেখানেই রাসূল (ছুঃ) স্বশরীরে কিংবা আধ্যাত্মিকভাবে উপস্থিত হয় বলে কোন কোন লোকের যে ধারনা তা সম্পূর্ণ ভুল এবং এটা শিরকী আকীদা। সূতরাং এ ধরনের ধারনা বা আকীদা বিশ্বাস পরিহার করা প্রয়োজন এবং ছালাত ও সালাম তাঁর নিকট পৌছানোর নিয়তেই পাঠ করা উচিত।

রাস্লুল্লাহ্ (ছঃ) এর উপর জীবনে একবার দরদ পাঠ করা ফরজ। এ ছাড়া যতবার
তাঁর নাম শুনবে ততোবার দরদ পাঠ করা সুনাত। কারো কারো মতে ওয়াজিব। (মেশ্লাভ)

#### দর্মদ

উচ্চারণঃ আল্লাহ্মা ছাল্লি 'আলা মুহামাদিন ওয়া 'আলা আ-লি মুহামাদিন কামা ছাল্লায়তা 'আলা ইব্রাহীমা ওয়া 'আলা আ-লি ইব্রাহীমা ইনাকা হামীদুমাজীদ; আল্লাহ্মা বারিক 'আলা মুহামাদিন ওয়া 'আলা আ-লি মুহামাদিন কামা বারাক্তা 'আলা ইবরাহীমা ওয়া আলা আলি ইবরাহীমা ইনাকা হামীদুমাজীদ।

অর্থঃ হে আল্লাহ। তুমি মুহাম্মদ (ছুঃ) এবং তাঁর পরিবার-পরিজনের উপর রহমত নাযিল কর, যেভাবে রহমত নাযিল করেছ ইব্রাহীম (আঃ) এবং তাঁর পরিবার পরিজনের উপর। নিশ্চয় তুমি প্রশংসিত ও সম্মানিত। হে আল্লাহ। তুমি বরকত নাযিল কর মুহাম্মদ (ছুঃ) এবং মুহাম্মদ (ছুঃ) এবং মুহাম্মদ (ছুঃ) এবং ইব্রাহীম (আঃ) এবং ইব্রাহীম (আঃ) এবং পরিবার পরিজনের প্রতি। নিশ্চয় তুমি প্রশংসিত ও সম্মানিত। (মুখারী, মুসলিম)

اَللَّهُمَّ صَٰلِ عَلَى مُحَمَّد بِالنَّبِيِّ الْأُمِّيِّ وَازُواجِهِ أُمَّهَاتِ الْمُؤُونِيُنَ وَذُرِّيَتِهِ وَأَهْل بَيْتِهِ كَمَا صَلَيْتَ عَلَى ابْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيدٌ.

উচ্চারণঃ আল্লাহুমা ছাল্লি 'আলা মুহামাদিনিন নারিয়িল উদ্মী ওয়া আয়ওয়াজিহী উন্মাহাতিল মুমিনী-না ওয়া জ্বরিয়াতিহী, ওয়া আহ্লি রায়তিহী, কামা ছালায়তা 'আলা ইবাহীমা ইনাকা হামীদুম মাজীদ। অর্থঃ হে আল্লাহ। উন্মী নবী মুহামদ (ছঃ) এবং তাঁর বিবিগণ যাঁরা মুমিনগণের মাতা ও তাঁর বংশধর, পরিবার-পরিজনের উপর রহমত নাযিল কর, যেভাবে তুমি ইবুরাহীম (আঃ) এর উপর রহমত নায়িল করেছ। তুমিই তো প্রশংসিত এবং সম্মানিত। (আবদাউদ)

深入的数据如果了自由的图。 উচ্চারণঃ আল্লাহ্মাজ্'আল ছালাতাকা ওয়ারাহ্মাতাকা ওয়া বারকাতাকা 'আলা মুহামিদিন ওয়া 'আলা আলি মুহামাদিন কামা জ্বা'আল্তাহা 'আলা ইবরাহীমা ইন্নাকা হামীদুম মাজীদু।

অর্থঃ হে আল্লাহ। প্রদান কর তোমার দুয়া, তোমার করুণা, তোমার বরকত মুহাম্মদ (ছঃ) এর উপর এবং মুহামদ (ছঃ) এর পরিবার-পরিজনের উপর, যে ভাবে তুমি প্রদান করেছ ইবরাহীম (আঃ) এর উপর। নিক্য় তুমি প্রশংসিত ও সন্মানিত। (রুখরী, নাগায়ী, <mark>ইবনু মূজাই)</mark> তিনুৰ্বাক্ষনী আৰু দ্বিৰ ১২ ৩০০ । তিন্তবিক্ষ**নী** হেন্দ্ৰেলৰ দিনত একাল দেনত জালাক

#### HERE WE IN A REPORT OF THE THE THE THE THE WAR WIND

উচ্চারণঃ আত্তাহিয়্যাতু লিল্লাহি ওয়াছালাওয়া-তু ওয়াতৃত্বাইয়্যেরা তু আস্সালামু 'আলায়কা আইয়্যহান্নাবিয়্য ওয়া রাহ্মাতুল্পা-হি ওয়াবারাকা-তুহু, আস্সালামু 'আলাইনা ওয়া'আলা 'ইবাদিল্লাহিছু ছ্বালিহীনা, আশ্হাদু আন্ লা-ইলাহা ইল্লাল্লা-হু ওয়া আশ্হাদু আনা মুহামাদান্ 'আবদুছ ওয়া রাসুলুহ।

অর্থঃ সমস্ত সম্মান, আনুগত্য এবং পবিত্রতা আল্লাহ্র জন্য। হে নুরী। আপনার প্রতি আল্লাহর পক্ষ থেকে শান্তি, রহমত ও বরকত বর্ষিত হউক। শান্তি বর্ষিত হউক আমাদের প্রতি এবং আল্লাহ্র সৎ বান্দাদের প্রতিও। আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মদ (ছঃ) তাঁর বান্দা ও রাসূল। (রুখারী, মুস্লিম) [এই সালাম নামায়ে তাশাহ্হদ রূপে পাঠ করা হয়। বস্তুতঃ ইহাই রাস্লের প্রতি সালাম

পাঠানোর মাধ্যম] · 斯拉尔 - 25 - 115 - 65 - 46 - 124 - 125 - 41 - 125 - 1

#### তৃতীয় অধ্যায়

#### দু'আ বা মুনাজাত

#### पू'ञा वा भूनाजार**्त ७क्ट्र वर क्**षीन्ठः

দু'আ বা মুনাজাতের পারিভাষিক অর্থ হলো আল্লাহ্ তা'লার দরবারে নিজের প্রয়োজন প্রার্থনা করা। দুনিয়া এবং আখিরাতের কল্যাণের জন্য আল্লাহ্ তা'লারই কাছে সব কিছু চাওয়া উচিত। অদৃশ্য শক্তি হিসেবে আল্লাহ্ ছাড়া আর কারো কাছে কিছু চাওয়া যায়না কিংবা চাওয়া জায়েযও নয়। আল্লাহ্ তা'লার ঘোষণা হলো-

তোমরা আমার নিকট দু'আ কর। আমি তা করুল করব। (সুরা মুমিন) বান্দার জন্য আল্লাহ্ তা'লা সবচেয়ে নিকটবর্তী। আর যে যার যত নিকটবর্তী সে তার আহবানও ততো দ্রুত শুনে বিধায় বান্দা তার যে কোন প্রয়োজনে আপন প্রভু আল্লাহ্ তা'লাকে ডাকা প্রয়োজন, আল্লাহ্তা'লা বলেন-

"আর যখন আমার বানা তোমার কাছে আমার সম্পর্কে জিজ্ঞেস করে তথন (তুমি বলে দাও) আমি নিকটেই আছি। আমি আহবানকারীর আহবানে সাড়া দেই যখন সে আমাকে আহবান করে।" (গুরা আল বাকারাই)

দু'আ আল্লাহ্ তা'লার নিকট বান্দার বিনয় প্রকাশের জন্য একটি উৎকৃষ্টতম পস্থা। তাই রাসূল (ছঃ) বলেছেন-

দু<sup>\*</sup>আ হলো এবাদতের মগজ। (ভিন্নজী) অপর বর্ণনায় বলেছেন–

আল্লাহ্র নিকট দু'আর চেয়ে উত্তম অন্য কোন কথা নেই। (ভিরমিয়ী)

#### ুদু আবা মুনাজাতের প্রাসঙ্গিক সুনাত

▶ দৃ'আ করার পূর্বে সর্ব প্রথম আল্লাহ্ তা'লা যেভাবে যোগ্য সেভাবে তাঁর প্রশংসা ও গুনগান করা। অতঃপর রাস্ল (ছঃ) এর প্রতি দক্ষদ পাঠ করা। তারপর নিজের প্রয়োজন ভিক্ষা চেয়ে আল্লাহ্র দরবারে দৃ'আ বা মুনাজাত করা। (তিরমিজী, অরুনাউদ, নাসায়ী)। দি'আ বা মুনাজাত করার পূর্বে সর্বপ্রথম আল্লাহ্ তা'লার প্রশংসা এবং রাস্ল (ছঃ) এর প্রতি দক্ষদ পাঠ করার সংক্ষিপ্ত নমুনা—

اَلُهُمُدُ لِللهِ رَبِّ الْعَالَمِينَ وَالصَّلُوةُ وَالسَّلَامُ عَلَى مُحَكَمدٍ سَيِّدِ الْمُرْسَلِيْنَ وَعَلَى مُحَكَمدٍ سَيِّدِ الْمُرْسَلِيْنَ وَعَلَى اللهِ وَأَضْحَابِهِ أَجُمَعِيْنَ.

উচ্চারণঃ আল্থামদু লিল্লাহি রাববিল 'আলামীন, ওয়াছ্বালা-তু ওয়াস্সালামু 'আলা মুহাম্মাদিন সাইয়োদিল মুরসালীন, ওয়া 'আলা আলিহী ওয়া আছুহাবিহী আজুমান্ত্রন

**অর্থঃ** সমস্ত প্রশংসা আল্লাহ্ ত'ালার জন্য যিনি গোটা বিশ্ব ভ্রমান্ডের রব, এবং ছালাত ও সালাম বর্ষিত হউক রাস্লগণের নেতা মুহামদ ছঃ এবং তাঁর পরিবার-পরিজন ও সমস্ত ছাহাবীগণের উপর ।

- দু'আ কবৃল হবে এ পূর্ণ বিশ্বাসের সাথে দু'আ করা। (তিরমিজী)
- প্রত্যেকের যাবতীয় আবশ্যক বা প্রয়োজন আপন প্রভূ আল্লাহর কাছেই চাওয়া। (তিরমিজী)
- 🕨 আল্লাহ্তা'লার নিকট কিছু চাইলে দৃঢ়তা এবং আগ্রহের সাথে চাওয়া। (মুসুলিম)
- দু'আ করার সময় হাতের আঙ্গুল কাঁধ বরাবর করে হাত উঠানো এবং হাতের তালু বা ভিতরের দিক নিজের মুখ্মভলে দিকে রাখা ও দু'আর শেষে দু'হাতের তালু দারা চেহারা মসেহ করা। (আর্দাউদ,বায়হাকী)
- 🕨 অপরের জন্য দু'আ করার সময় প্রথমে নিজের জন্য দু'আ করা। (তির্মিজী)
- 🕨 অল্প কথায় বেশী অর্থবোধক দু'আ করা। (আরুদাউদ)
- যে বিপদ নাযিল হয়েছে কিংবা যে বিপদ এখনও নাযিল হয়নি উভয় থেকে য়ুক্তির জন্য দু'আ করা। (ভিরম্জী)
- যে ব্যক্তির অভিপ্রায় দৃংখের সময় আল্লাহ্ তার দৃ'আ কবৃল করুক সে ব্যক্তি সুখের সময় বেশী বেশী আল্লাহ্র কাছে দু'আ করা। (তিরমিজী)
- 🌓 অন্যের নিকট নিজের জন্য দু'আ করার অনুরোধ করা। (আবুদাউদ, ভিরুমিজী)

#### যেভাবে দু'আ বা মুনাজাত করা নিষিদ্ধ

- ি হে আল্লাহ্ আমাকে ক্ষমা কর যদি তোমার ইচ্ছা হয় এভাবে দু'আ বা মুনাজাত করা (মুগলম)
- অমনোযোগী বা অবহেলিত মন নিয়ে দু'আ করা। (তিরমিজী)
- নিজের জন্য, নিজের সন্তান-সন্ততি ও মালের জন্য বদ্দু'আ করা। (মুসলিম)
- দু'আতে তাড়াতাড়ি করা অর্থাৎ- আমি তো দু'আ করেছি কৈ আমার দু'আ তো করুল হয়নি এভাবে হতাশ হয়ে দু'আ করা ছেড়ে দেয়া। (য়ুসলিম)
- অদৃশ্য শক্তি হিসেবে আল্লাহ্ ছাড়া অন্য কোন ব্যক্তি বা বস্তুর [আওলিয়া, বুজর্কের]
   নিকট কিছু চাওয়া বা সাহায্য কামনা করা। (আলকুরআন সূরা ইউন্স, মাজমাউল বাহার)
- ি কোন ব্যক্তি বা বস্তুর ওয়াসীলা দিয়ে দু'আ করা। (ইমাম আরু হানিফা, শরহে কিতারুল কুরখী, শরহল মুখতার)

### য়ে সর রাজির দু'আ কবুল হয়

□ মজলুমের দু'আ অর্থাৎ যার উপর জুলম করা হয়েছে তার দু'আ যতক্ষণ না সে প্রতিশোধ গ্রহণ করে 
 □ হজ্জকারীর দু'আ যতক্ষণ না সে রাজীতে ফিরে আসে 
 □ জিহাদকারীর দু'আ যতক্ষণ না সে বলে পড়ে 
 □ রোগীর দু'আ যতক্ষন না সে ভাল হয়
 □ এক মুসলমান অপর মুসলমান ভায়ের অনুপস্থিতে দু'আ 
 □ গিতার দু'আ 
 মুসাফিরের দু'আ। (তির্মিজী, আবুনাউদ, বায়হাকী)

### যে যে সময় দু'আ কব্ল হয়

শেষ রাত্রের দু'আ ত্যাজ্বের নামানজে এবং
 প্রত্যেক ফরজ নামাযের পরের দু'আ। (তির্মিজী)

## 🖟 वानरामीट इत मू वा वा मूनाकाठ

اللَّهُمَّ إِنِّي أَسْئُلُكَ الْهُدُى وَالْتُقَلِّي وَالْعَفَافِي وَالْغِني

উচ্চারণঃ আল্লাহুমা ইন্নী আস্আলুকাল হুদা ওয়াত্তুকা ওয়াল আফাফা ওয়াল গিনা।

অর্থঃ হে আল্লাহ। আমি তোমার নিরুট প্রার্থনা করছি সংপথ, সংযম, স্বচ্ছলতা এবং হারাম থেকে বেঁচে থাকার। (মুস্লিম)

الله مسر إلله من الشَّعَ لَكُ الصِّحَة والْعِقْمَ وَالْأَمَانَةَ وَحُسْنَ الْخُلُق وَالرَّضَى بِالْقَدُرِ.

উচ্চারণঃ আল্লাহ্না ইনী আস্আলুকাছ্ব-ছিহাতা ওয়াল ইফ্ফাতা ওয়াল আমা-নাতা ওয়া হুস্নাল খুলক্বি ওয়ার্রিদ্বা বিল ক্বাদরি। অর্থঃ হে আল্লাহ। তোমার কাছে প্রার্থনা করছি সুস্বাস্থ্য, পবিত্রতা, আমানতদারী, উত্তম চরিত্র এবং তকদীরের উপর সন্তুষ্টি থাকার। (বায়হানী)

ٱللَّهُمَّ إِنِّى اَكُوْذُبِكَ مِنَ شَرِّ سَمْعِي، وَشَرِّ بَصُرِي، وَشَرِّ لِسُّانِي، وَشَرَّ لِسُّانِي، وَشَر قَلْبِي الْوَالْدِرِّ صَنِّي مِنْ مَنْ صَلَّ مِنْ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى

উচ্চারণঃ আল্লাহ্মা ইন্নী আ'উজুবিকা মিন শার্রি সাম্'রী, ওয়া শার্রি বাছ্রী ওয়া শার্বি লিসানী, ওয়া শার্বি কালবী, ওয়া শার্বি মানীয়ি। অর্থঃ হে আল্লাহা আমি তোমার নিকট আশ্রয় চাই আমার শ্রবণ শক্তির অপকারিতা থেকে, আমার দৃষ্টি শক্তির অনিষ্ট থেকে, আমার জিহ্বার অমনল থেকে আমার জভরের অকল্যাণ থেকে এবং আমার রীর্যের অপব্যবহার থেকে। (আবুল্ডদ, নাসায়ী)

اللهم مُصِرِف الْقُلُوبِ صِرف قَلْوبَا عَلَى طَاعَتِك.

উচ্চারণঃ আল্লাভ্মা মুছার্রিফালকুলুবি ছার্রিফ কুল্বানা 'আলা ত্বায়া'তিকা।

অর্থঃ হে অন্তরের পরিবর্তনকারী আল্লাহ। তুমি আমাদের অন্তরকে তোমার আনুগত্যু পরায়ণ করে দাও। (মুলিন)

ٱللَّهُمَّ إِنِيٌّ أَعُونُ إِلَى مِنَ الْبَرُضِ وَالْجُدَامِ وَالْجُنُونِ وَمِنْ سَيٍّ الْأَسُقَامِ.

্রউন্টারণঃ আল্লাহুমা ইন্নী আ'উজবিকা মিনালবারাছে ওয়াল জ্বুজাম, ওয়াল জুনোন, ওয়া সায়্যিয়িল আস্ক্বাম।

অর্থঃ হে আল্লাহ। আমি তোমার নিকট আশ্রয় প্রার্থনা করছি শ্বেতরোগ, কুষ্টরোগ, মন্তিষ্ক বিকৃতি এবং সমুদয় খারাপ রোগ থেকে। (আবুদাউদ, নাসায়ী)

ٱللَّهُمَّ إِنِّكًا } عُودُنِكَ مِنَ الشِّقَاقِ وَالنِّفَاقِ وَسُوعِ الْاَخُلَاقِ.

ঠিকারণঃ আল্লাহমা ইন্নী আ'উজুরিকা মিনাশ্শিকা-কি ওয়াননিফাকি। ওয়া সু-য়িল আখলাকি। অর্থঃ হে আল্লাহ্! আমি তোমার নিকট আশ্রয় প্রার্থনা করছি সত্যের বিরুদ্ধে আচরণ থেকে, কপটতা এবং অসচ্চব্লিত্র থেকে। (আরুনাউন, নাসায়ী)

ٱللهُم اِنِّيُ اَعُوُدُ بِكَ مِن زَوالِ نِعُمَتِكَ وَتَحَوَّلِ عَافِيتِكَ وَقُجَّاَهُ قِ نِقُمَتِكَ، وَجُمِيع سَخَطِكَ.

উচ্চারণঃ আল্লাহ্মা ইন্নী আ'উজুবিকা মিন্যাওয়ালি নি'মাতিকা, ওয়া তাহাওয়ালি 'আ-ফিয়াতিকা ওয়া ফুজুআতি নিকুমাতিকা, ওয়া জ্বামীয়ে' সাখতিকা।

অর্থঃ হে আল্লাহ্। আমি তোমার নিকট আশ্রয় চাই (আমার প্রতি) তোমার নিয়ামতের হ্রাস, তোমার শান্তির বিবর্তন, তোমার শান্তির হঠাৎ আক্রমণ এবং তোমার সমস্ত অসন্তোষ থেকে। (মুসনিম)

## اَعُوٰذُ بِاللَّهِ مِنَ الْكُفْرِ وَالدَّيْنِمِ

উচ্চারণঃ আ'উজুবিল্লাহি মিনাল কুফরি ওয়াদ্দায়নি। অর্থঃ কুফরী ও ঋণ থেকে আল্লাহ্র কাছে আমি আশ্রয় চাই। (নাসায়ী)

اللَّهُمَّ أَتِنَا فِي الدُّنُيَا حَسَنَةً وَّفِي الْأَخِرَةِ حَسَنَةً وقِنَا عَذَابَ النَّارِ. ﴿

উচ্চারণঃ আল্লাহ্মা আ-তিনা ফিদ্দুনয়া হাসানাতা ওঁয়াফিল আ-থিরাতে হাসানাতা ওঁয়াফ্বিনা 'আজাবানার।

অর্থঃ হে আল্লাহ। আমাদেরকে দূনিয়া ও আখিরাতের কল্যাগ দান কর। এবং আমাদেরকে দোজখের আজাব থেকে বাঁচাও।

[হযরত আনাস (রাঃ) বর্ণনা করেন- নবী করীম (ছঃ) অধিকাংশ সময় আল্লাহর নিকট এই দু'আ করতেন।] (বুখারী, মুদলিম)

اللهُمُّ اِنِّيُ اَعُنُودُبِكَ مِنَ الْعَجْزِ وَالْكَسُلِ وَالْجُبُنِ وَالْهَرَمِ وَالْبُخُلِ وَالْمُنْفَ وَاللهُرَمِ وَالْبُخُلِ وَالْمُنْفَافِينَ وَالْمُنْفَافِينَا وَالْمُنْمَاتِ. وَاعُودُ بِكَ مِنْ قِتُنَةِ الْلَمَافَ عَنَا وَالْمُنْمَاتِ.

উচ্চারণঃ আল্লাহ্মা ইন্নী আ'উজুবিকা মিনাল আজুয়ি ওয়াল কাস্মূলি, ওয়াল জুবনি, ওয়াল হারামি, ওয়াল বুখ্লি ওয়া আ'উজুবিকা মিন আজাবিল কাব্রি, ওয়া আ'উযুবিকা মিন ফিত্নাতিল মাহ্ইয়া ওয়াল মামাতি। অর্থঃ হে আল্লাহ। আমি আশ্রয় চাচ্ছি তোমার কাছে অক্ষমতা ও অলস্য থেকে, কাপুরুষতা, বার্ধক্য ও কার্পণ্য থেকে। এবং আশ্রয় চাচ্ছি তোমার কাছে জীবন ও মৃত্যুর ফিতনা থেকে। (ফ্রান্ম)

ٱللَّهُمُّ اَنِّى اَعُوٰذُبِكَ مِنْ عِلْمٍ لَا يَنْفَعُ وَمِنَ قَلْبٍ لَا يَخْشَعُ وَمِن نَفْسٍ لَا يَخْشَعُ وَمِن نَفْسٍ لَا يَشْبَعُ وَمِن نَفْسٍ لَا تَشْبَعُ وَمِن دَعُوةٍ لَا يُسْتَجَابُ لَهَا.

উচ্চারণঃ আল্লাহ্মা ইন্নী আ'উজুবিকা মিন ইল্মিন লা ইয়ান্ফাউ, ওয়ামিন কাল্বিন লা ইয়াখনাউ, ওয়ামিন নাফ্সিন লা তাশ্বাউ, ওয়ামিন দা'ওয়াতিক লা ইউসতাজাব লাহা।

অর্থঃ হে আল্লাহ। আমি তোমার কাছে আশ্রয় চাই এমন ইলম থেকে যা উপকার করেনা, এমন হৃদয় থেকে যা আল্লাহর ভয়ে ভীত হয়না, এমন নফস থেকে যার পেট ভরে না, এমন দু'আ থেকে যা কবুল হয়না। (মুসনিম)

ٱللَّهُمُّ آنِّيُ اَعُنُوذُبِكَ مِنْ فِتُنَوِّ النَّارِ وَعَـلَابِ النَّارِ وَمِنْ شَرِّ الْغِنْيَ وَالْفَقْ

উচ্চারণঃ আল্লাহুনা ইন্নী আ'উযুবিকা মিন ফিত্নাতিন নারি ওয়া 'আজাবিন্নারি, ওয়া মিন শার্রিল গিনা ওয়াল ফ্রুবরি।

অর্থঃ হে আল্লাহ। আমি আশ্রয় চাচ্ছি তোমার কাছে জাহান্নামের পরীক্ষা ও জাহান্নামের আজাব থেকে এবং প্রাচুর্য ও দারিদ্রের অনিষ্ট্রকারিতা থেকে। (আরুনাউদ)

يَا مُقَلِّبَ الْقُلُوبِ ثَبِّتُ قُلُوبَنَا عَلَى دِينِكَ.

উচ্চারণ হৈ হা মুকাল্লিবাল কুলুব ছাব্বিত কুলুবানা 'আলা দীনিক। অর্থঃ হে হদয়সমূহকে মুরিয়ে দেবার অধিকারী। আমার হ্রদয়কে তোমার দীনের উপর অবিচল ভাবে প্রতিষ্ঠিত রাখ। (ভিরমিষী)

# اللهُمُّ أَتِ نَفْسِي يَقُولُهُا وَرَكِّهَا أَنْتَ خَيْرٌ قُنْ زَكَّاهَا التَّيْ وَلَيُّهَا وَلَيْهَا وَرَكِّها أَنْتُ خَيْرٌ قُنْ زَكَّاها التَّيْ وَلَيُّهَا وَوَلِيَّها وَوَلِيَّها وَالْمِيْنَ وَلَيْلُها وَالْمُوالِمِينَ وَلَيْلُها وَالْمُوالِمِينَ وَلَيْلُها وَالْمُؤْلُاها وَالْمُؤْلِدُها وَالْمُؤْلِدُ وَلِيلًا لَهَا مُؤْلِدُها وَالْمُؤْلِدُ وَلِيلًا لَهُ وَلِيلًا لَهَا مُؤْلِدُها وَالْمُؤْلِدُ وَالْمُؤْلِدُ وَلِيلًا لَهَا لِمُؤْلِدُ وَلِيلًا لَهِ وَلِيلًا لَهِ مِنْ إِلْمُؤْلِدُ وَلِيلًا لَا اللَّهُ وَلِيلًا لَهَا وَالْمُؤْلِدُ وَلِيلًا لَهِ اللَّهُ وَلِيلًا لَهِ اللَّهُ وَلِيلًا لَهَا اللَّهُ وَلِيلًا لَهُ وَلِيلًا لَهُ وَلِيلًا لَهَا مُؤْلِدُها وَاللَّهُ وَلِيلًا لَهُ اللَّهُ وَلِيلًا لَهُ مِنْ إِلَيْهُا لِللَّهُ وَلِيلًا لَهُ وَلِيلًا لَهُ وَلِيلًا لَهُ اللَّهُ وَلِيلًا لَهُ مِنْ اللَّهُ وَاللَّهُ وَلِيلًا لَهُ مِنْ إِلَّا لِللَّهُ لِللَّهُ وَلَّهُ وَلِيلًا لِمُؤْلِدُ هَا وَاللَّهُ لِللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لَا مِنْ إِلَا لَا لِللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّالِمُ لِلللَّهُ لِلَّا لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِللللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِلَّهُ لِلللَّهُ لِلللَّهُ لِللللَّهُ لِلللَّهُ لِللللَّهُ لِلْ

উচ্চারণঃ আল্লাহুমা আতি নাফ্সি তাক্ওয়াহা ওয়া যাকিহা আন্তা খায়ক্রম্ মান যাকাহা আন্তা শ্লীনিয়াহা ওয়া মাওলাহা।

অর্থঃ হে আল্লাহ্। আমার নফ্সকে তাকুওয়া দান কর, এবং তাকে পাক করে দাও। তুমি সবচাইতে উত্তম পাক পবিত্রকারী, তুমিই তার কার্য স্বপাদনুকারী ও মালিক। (মুসলিম)

ٱللَّهُمَّ إِنِّى اَعُودُبِكَ مِنَ الْجُبُنِ وَاعُودُبِكَ مِنَ الْبُخُلِ وَاعْدُودُبِكَ مِنَ الْبُخُلِ وَاعْدُودُبِكَ مِنَ الْبُخُلِ وَاعْدُودُ بِكَ مِنَ الْبُخُلِ وَاعْدُودُ بِكَ مِنَ الْجُبُنِ وَاعْدُودُ بِكَ مِنْ فِيْنَةِ الدُّنْيَا وَعَذَابِ الْقَبْنِ، مَا اللهُ عَالَمُونَ وَعَنَاقِ الدُّنْيَا وَعَذَابِ الْقَبْنِ، مَا اللهُ عَالَمُونَ وَعَنَاقِ الدُّنْيَا وَعَذَابِ الْقَبْنِ، مَا اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى مِنْ فِيْنَةِ الدُّنْيَا وَعَذَابِ الْقَبْنِ، مَا اللهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ اللّهُ اللهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ الللللّهُ اللّهُ الللللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللللللّهُ اللّهُ اللللللّهُ اللّهُ اللّهُ الللللّهُ اللّهُ اللللللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللّهُ اللّهُ اللّهُ اللّهُ الللل

উচ্চারণঃ আল্লাহুমা ইন্নী আ'উজুবিকা মিনাল জুবনি ওয়া আ'উজুবিকা মিনাল বুখলি ওয়া আ'উজুবিকা মিন আঞ্চালিল উমরি ওয়া আ'জুবিকা মিন ফিতনাতিদ্দুনয়া ওয়া 'আজাবিল কর্বরি।

অর্থঃ হে জাল্লাহ। আমি তোমার কাছে আশ্রয় চাই জীক্ষতা এবং কৃপণতা হতে, আমি তোমান্থ নিকট আশ্রয় চাই জরাজীর্ণ অকর্মন্য বার্ধক্য হতে এবং আরও আশ্রয় চাই পার্থিব বিপর্যয় ও কবরের শান্তি হতে। (রুধারী)

ٱللَّهُمَّ طَهِّرُ قَلْبِي مِنَ النِّمَّاقِ وَعَمَلِي مِنَ الرَّيَامِ وَلِسَائِي مِنَ الْكِكَابِ اللَّهُمَّ طَهِّرُ قَلْبِي مِنَ النِّمَاقِ وَعَمَلِي مِنَ الرَّيَامِ وَلِسَائِي مِنَ الْكَكُونِ وَمَا يُخْفِي الصَّدُورِ.

উচ্চারণঃ আল্লাহুন্মা ত্বাহ্হির কাল্বী মিনারিফাক্টি ওয়া আমালী মিনাররিয়ায়ি ওয়া লিসানী মিনাল কিজ্বি ওয়া 'আঈনী মিনাল খিয়ানাতি। ফাইন্লাকা তা'লামু খায়িনাতাল আ'ইউনি ওয়া মা-তাখফীচ্ছুদুর।

অর্থঃ হে আল্লাহ। তুমি আমার অন্তরকে কপটতা হতে আমার কাজকে লোক দেখানো হতে, আমার জিহ্বাকে মিথ্যা হতে এবং আমার চক্ষুকে থেয়ানত করা হতে পবিত্র কর। কেননা তুমি অবগত আছ চক্ষুর লুকচুরি বা খেয়ানত এবং অন্তরের গোপন বা কারসাজি সম্পর্কে। (বারহান্ধী) ٱللهُمُ آتَى اَسْئَلُكَ عِلْمًا نَافِعًا وَعَمَلًا مُتَقَبَّلًا قُرِزْقًا طَيِّبًا.

উচ্চারণঃ আল্লাহুখা ইন্নী আস্আলুকা 'ইলমান নাফি'আন ওয়া আমালান মুতাক্বাব্বালান ওয়া রিযক্বান ত্বাইয়্যেবান।

অর্থঃ হে আল্লাহু। আমি তোমার কাছে উপকারী জ্ঞান চাই, কবূল হবার মত আমল চাই এবং আরো চাই পবিত্র হালাল রিয়িক। (আহমদ,ইবনু মালাহু)

ٱللهُمُّ اجْعَلْنَي أَعْظِمُ شُكْرَكَ وَأَكْثِرُ وَكَرَكَ وَاتَّبِعُ نُصْحَكَ وَاحْفَظُ وَصِيَّتَكَ،

উচ্চারণঃ আল্লাহ্মা এজ্ব আলনী উ'জিমু ওকরাকা ওয়া উকছির জিকরাকা ওয়া আতাবিউ নুছ্হাকা ওয়া আহ্ফাজু ওয়াছিয়্যিতাকা।

অর্থঃ হে আল্লাহ। আমাকে এরপ কর যাতে আমি সম্মানের সাথে তোমার কৃতজ্ঞতা প্রকাশ করতে পারি, বেশী করে তোমার সমরণ করতে পারি তোমার উপদেশ পালন করতে পারি এবং তোমার হুকুম রক্ষা করতে পারি। (ভিরমিজী)

اللهم الْفِهْ مَنْ رُشُدِي وَأَعِذُنِي مِنْ شُرِّ مَفْسِي.

উচ্চারণঃ আল্লাহ্মা আলহিমনী রূশদী ওয়া আইজনী মিন শাররি নাফসী। অর্থঃ আল্লাহ্ আমার অন্তরে সংপথের সন্ধান দাও এবং আমাকে আমার মনের অপকারিতা হতে পানাহ্ দাও। (ভিরমিজী)

#### আল-কুরআনের দু'আ বা মুনাজাতসমূহ

رَبِّ هَبُ لِنَي مِنْ لَّدُنْكَ ذُرِيَةً طَيِّبَةً إِنَّكَ سَمِيعُ الشَّعَاءِ.

অর্থঃ হে প্রভূ। তোমার বিশেষ কুদরতে আমাকে সৎ-সন্তান দান কর। প্রকৃত পক্ষে তুমিই দু'আ-প্রার্থনা শ্রবণকারী। (আন্-ইমরান-৩৮)

رَبِّ اغْفِرْلِي وَلِأَخِيْ وَأُدْخِلْنَا فِي رَحْمَتِكُ وَأَنْتَ أَرْحُمُ الرَّاحِمِيْنُ.

অর্থঃ হে প্রভূ! আমাকে ও আমার ভাইকে মাফ কর এবং আমাদেরকে তোমার রহমতের মধ্যে দাখিল কর, তুমিই সবচেয়ে বড় দয়াবান। (সূরা আরাফ-১৫১)

رَبِّ إِنَّكَى اَعْنُودُ بِكَ اَنْ اَسْتَلَكَ مَا لَيْسَ لِيْ بِهِ عِلْمٌ وَالَّا تَغْفِر لِيْ مِرَ وَتَرْخَمْنِي اَكُنْ رِّمِنَ الْخُسِرِيْنَ.

অর্থঃ হে আমার প্রভূ। আমি তোমার নিকট আশ্রয় চাই সেই বিষয়ে তোমার নিকট প্রার্থনা করা থেকে, যে বিষয় আমার জানা নেই। তুমি যদি আমাকে ক্ষমা না কর ও দয়া না কর তাহলে আমি ধ্বংস হয়ে যাব। (সুরা হুদ-৪৭)

অর্থঃ হে আমার প্রভূ। আমাকে নামায কায়েকারী বানাও, আর আমার সন্তানদের মধ্য হতেও (এমন লোক পয়দা কর যারা এ কাজ করবে)। হে আমাদের রব আমার দু'আ কবুল কর। (সূরা ইবরাহীম-৪০)

অর্থঃ হে আমার রব। এদের (মাতা-পিতা) প্রতি রহম কর, যেমন করে তারা স্নেহ বাৎসল্যসহকারে বাল্যকালে আমাকে পালন করেছেন। (স্রা ক্রী ইস্রাঈল-২৪)

رَبِّ آذْخِلْنِي مُدْخَلَ صِدْقِ وَآخْسِرِجْنِي مُخْرَجَ صِدْقِ وَاجْعَلْ لِّي مِنْ لَكُنْكَ مُلْطَانًا تَصِيْرًا.

অর্থঃ হে আমার প্রতিপালক। আমাকে যেখানেই নিয়ে যাবে সত্যতাসহকারে নিয়ে যাও, আর যেখান থেকে তুমি আমাকে বের কর সত্যতার সাথেই বের কর। আর তোমার নিকট হতে একটি সার্বভৌম শক্তিকে তুমি আমার সাহায্যকারী বানিয়ে দাও। (বনী ইসলাঈল-৮০)

رَبِّ اشْرَح لِنَ صَدْدِى وَيَسِّرُلِي اَمْرِى وَاحْلُلُ عُـ قَدَّةً مِّنْ لِسَـانِى ۗ يَفْقَهُوْا قَوْلِيْ. অর্থঃ হে আমার প্রভূ। আমার বক্ষ খুলে দাও, আমার কাজকে আমার জন্য সহজ করে দাও এবং আমার যবানের গিরা খুলে দাও, যেন লোকেরা আমার কথা বুঝতে পারে। (সুরা ত্বা-হা-২৫-২৮)

رَبِّ زِدْنِيْ عِلْمًا.

/অর্থঃ হে প্রতিপালক! আমাকে আরো অধিক ইল্ম দান কর। (সূরা জ্বা-হা-১১৪)

অর্থঃ হে আমার প্রভূ! আমাকে একাকী রাখিও না, সর্বোত্তম উত্তরাধিকারী তো তুমিই। (স্রা আধিয়া-৮৯)

অর্থঃ হে প্রতিপালক! আমাকে বরকতপূর্ণ স্থানে অবতরণ করাও; তুমিই সর্বোন্তম স্থান দানকারী। (স্বা মুদ্দিন-২৯)

/ অর্থঃ হে আমার প্রভু! আমি সব শয়তানের উত্তেজনা দান থেকে তোমার নিকট আশ্রয় চাই। হে আমার রব! সেই (শয়তান) যে আমার নিকট আসবে তা থেকেও আশ্রয় চাই। (স্বা মুখিনুন-৯৭-৯৮)

অর্থঃ হে আমার প্রতিপালক! মাফ কর, রহম কর, তুমি সব দয়াবান হতেও অতি উত্তম দয়াবান। (স্রা মুদ্দিন্ন-১১৮)

অর্থঃ হে আমার প্রভূ! আমাকে জ্ঞান-বৃদ্ধি দান কর। আর আমাকে নেক্কার লোকদের সাথে মিলিত কর। (সুরা আশৃভারা-৮৩)

رَبِّ نَجِّنِيْ وَأَهْلِي مِمَّا يَعْمُلُوْنَ.

অর্থঃ হে প্রতিপালক। আমাকে ও আমার পরিবার-পরিজনকে এই লোকদের অপকর্ম থেকে মুক্তি দাও। (নূরা আশুখরা-১৬৯)

َرَبِّ اَوْزِعْنِیْ اَنْ اَشْکُر نِعْمَتِكَ النَّبِیْ اَنْعَمْتَ عَلَیَّ وَعَلَی وَالِدَیِّ وَاَنْ لَ اَعْمَلَ صَالِحًا تَرْضُهُ وَاَدْ خِلْنِیْ بِرَحْمَتِكَ فِیْ عِبَادِكَ الصَّلِحِیْنَ.

অর্থঃ হে আমার প্রভূ! আমাকে নিয়ন্ত্রণ করে রাখ, তুমি আমার ও আমার পিতা-মাতার প্রতি যে অনুগ্রহ করেছ আমি যেন তার শোকর আদায় করি এবং এমন নেক আমল করি যা তোমার পছন্দ হয়। আর তোমার রহমতে আমাকে তোমার নেক বান্দাগণের মধ্যে অন্তর্ভুক্ত কর। (সূরান্মন-১৯)

## رَبِّ إِنِّيْ ظُلُمْتُ نَفْسِنِي فَاغْفِرْلِيْ. ﴿

অর্থঃ হে আমার প্রতিপালক। আমি আমার নিজের উপর জুল্ম করেছি; সুতরাং আমাকে ক্ষমা কর। (সুরা কাসাস-১৬)

رَبِّ نَجِّنِي مِنَ الْقَوْمِ الظَّلِمِيْنَ. }

অর্থঃ হে আমার রব! আমাকে জালেমদের হাত থেকে রক্ষ কর। (স্রা কাসাস-২১)

رَبِّ انْصُرْنِي عَلَى الْقُومِ الْمُفْسِدِيْنَ.

অর্থঃ হে আমার রব। এই বিপর্যয়কারী লোকদের মুকাবিলায় ভূমি আমার্কে সাহায্য কর। (সুরা আনকার্ত-৩০)

رُبِّ هُذِ لِي مِنَ الصَّلِحِيْنِ.

আর্থ্য হে আল্লাহ। আমাকে একটি পুত্র সন্তান দান কর যে সন্তান সৎ চরিত্রবানদের মধ্যে একজন হবে। (স্বা নাছফার্ড-১০০)

رَبِّ اَوْزِعْنِي اَنْ اَشْكُرُ نِعْمَتَكُ الَّتِي اَنْعَمْتَ عَلَى وَعَلَى وَالِدَى وَانْ اَعْمَدُ عَلَى وَال اَعْمَلُ صَالِكًا تَرْضُهُ وَاَصْلِحْ لِيْ فِي ذُرِّيَّتِي اِنِيْ تُبْتُ اِلْدَكُ وَلِزِيْ مِنَ الْمُشْلِمِيْنَ. অর্থঃ হে আমার প্রভূ। তুমি আমাকে তওফিক দাও, আমি যেন তোমার সেই সব নিয়ামতের শোকর আদায় করি যা তুমি আমাকে এবং আমার পিতা-মাতাকে দা। করেছ। আর যেন এমন নেক আমল করি যাতে তুমি সতুষ্ট হও। এবং আমা। সম্ভানকেও সং বানায়ে আমাকে সুখ-শান্তি দাও। আমি তোমার সমীপে তওরা করতো । এবং আমি অনুগত অবনত (মুসলিম) বান্দাদের মধ্যে শামিল আছি। (সুরা আহক্ষাক-১৫)

رُبُّنَا تَقَبُّلُ مِنَّا إِنَّكَ أَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ. ١

অর্থঃ হে আমাদের রব! আমাদের এই কাজ তুমি কবুল কর; তুমি নিশ্চয়ই সঁব কি ু জনতে পাও এবং সব কিছু জান। (বাকারা-১২৭)

رَبِّنَا أَوَا الْحَعَلَنَا مُ شَلِيكِيْنِ لَكَ وَمِنْ ذُرِيَّتِنَا أُمَّةً أَمْسَلِمَةً لَّكَ وَأَرِنَا أُ مَاسِكُنَا وَقُبْ فَلَيْنَا إِلَّكُ أَنْتَ التَّوَّا فِي الرَّحِيْمُ.

অর্থঃ হে আমাদের প্রভূ আমাদেরকে তোমার অনুগত বানাও। আমাদের বংশ হতে এমন একটি জাতি উথিত কর যারা তোমার অনুগত হবে। আমাদেরকে তুমি তোমার ইবদতের পদ্মা রলে দাও এবং আমাদের দোষ-ক্রটি ক্ষমা কর। তুমি নিশ্চরই ক্ষমাশীল ও অনুগ্রহকারী। (সূরা বাকারা-১২৮)

رَبَّنَا أَتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً قَوْيَ الْأَخِرَةِ حَسَنَةً قَوْنِنَا عَلَابِ النَّارِلِ

অর্থং হে আমাদের প্রভূ। আমাদেরকে এই দুনিয়ায়ও কল্যাণ দান কর এবং পরকালেও আমাদেরকে কল্যাণ দান কর, আর জাহান্নামের আওনের আজার থেকে আমাদেরকে রক্ষা কর। (বাকান-২০১)

رَبُّنَا الْفِرْغُ عَلَيْنَا صَلْمًا آوَتُوبُّ أَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكُونِينَ

আর্থঃ হে আমাদের প্রভূ। আমাদেরকে ধৈর্য দান কর আমাদের পদক্ষেপ সুদৃঢ় কর এবং এই কাফের দলের উপর আমাদেরকে বিজয় দান কর। (সুরা রাকার-২০০)

سَمِعْنَا وَٱطْعُنَا غُفْرَانَكَ رَبُّنَا وَالَيْكَ الْمُصِيرُ.

অর্থঃ (হে আল্লাহ) আমরা ওনেছি এবং বাস্তব ক্ষেত্রে মেনে নিয়েছি। হে আমাদের প্রভূ।

আমরা তোমার নিকট গুনাহ মাফের জন্য প্রার্থনা করি, আমাদেরকে তোমারই দিকে ফিরে যেতে হবে। (সূরা বাকারা-২৮৫)

رَبَّنَا لَا تُؤَاخِذُنَا إِنْ نَسِيْنَا أَوْ أَخْطَأْنَا رَبَّنَا وَلَا تَحْمِلْ عَلَيْنَا إِصَّرَا كَمَا لَا حَمَلْتَهُ عَلَىٰ الَّذِيْنَ مِنْ قَبْلِنَا رَبَّنَا وَلَا تُحَمِّلْنَا مَالَا طَاقَةَ لَنَا بِهُواعْفُ عَنَّا وَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا أَنْتَ مَوْلَنَا فَانْصُرْنَا عَلْي الْقَوْمِ الْكُفِرِيْنَ.

অর্থঃ হে আমাদের প্রভূ! ভুল ভ্রান্তিবশতঃ আমাদের যা কিছু ফ্রেটি হয় তার জন্য আমাদেরকে শান্তি দিওনা। হে আমাদের রব! আমাদের উপর সেই ধরনের বোঝা চাপিয়ে দিওনা যে রুপ পূর্বরর্তী লোকদের উপর চাপিয়ে দিয়েছিলে। হে আমাদের প্রভূ! যে বোঝা বহন করার শক্তি-ক্ষমতা আমাদের নেই তা আমাদের উপর চাপিও না। আমাদের প্রতি উদারতা দেখাও, আমাদের অপরাধ ক্ষমা কর, আমাদের প্রতি রহমত নাযিল কর। তুমিই আমাদের মাওলা- আশ্রয়দাতা; কাফেরদের প্রতিকৃলে তুমি আমাদের সাহায্য কর। (সুরা বাকারা-২৮৬)

رَبَّنَا لَا تُرِغْ قُلُوبَنَا بَعْدَ إِذْ هَدَيْتَنَا وَهَبْ لَنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً إِنَّكَ لَنَا مِنْ لَدُنْكَ رَحْمَةً إِنَّكَ لَنَا مِنْ لَدُنْكَ رَحْمَةً إِنَّكَ لَنَا مِنْ لَدُنْكَ رَحْمَةً إِنَّكَ لَنْتَ الْوَهَاكِ.

অর্থঃ হে আমাদের পরোয়ারদিগার। তুমি যখন আমাদেরকে সঠিক সোজা পথে চালিয়ে দিয়েছ, তখন তুমি আমাদের মনে কোন প্রকার বক্রতা ও কুটিলতার সৃষ্টি করিয়ে দিও না। আমাদেরকৈ তোমার মেহেরবাণীর ভাভার হতে অনুগ্রহ দান কর, কেননা প্রকৃত দাতা ত তুমিই। (সুরা আল-ইমরান-৮)

رَبَّناً إِنَّكَ جَامِعُ النَّاسِ لِيُوْمِ لَّا رَيْبَ فِيْهِ إِنَّ اللَّهَ لَا يُخْلِفُ الْمِيْعَادَ ٠٠

অর্থঃ হে আমাদের প্রভূ। তুমি নিশ্চয়ই একদিন সমস্ত লোককে একত্রিত করবে যে দিনের আগমনের কোন প্রকার সন্দেহ নেই। তুমি কখনই কোনক্রমে নিজের ওয়াদা হতে বিচ্যুত হও না। (সুরা আল-ইমরান-৯)

رَبُّنَا ۚ إِنَّنَا أَمُنَّا فَاغْفِرْلَنَا ذُنُّوبَنَا وَقِنَا عَذَابَ النَّارِ لَ

অর্থঃ হে আমাদের রব! আমরা ঈমান এনেছি, আমাদের গুনাহ-খাতা মাফ কর এবং আমাদেরকে জাহানামের আগুন হতে বাঁচাও। (সুরা আল ইমরান)

**অর্থঃ** হে আমাদের প্রভূ! তুমি যা নায়িল করেছ, আমরা তার প্রতি ঈমান এনেছি এবং রাস্লের অনুসরণ করেছি। তুমি আমাদের নাম সাক্ষ্য দাতাদের সাথে লিখে লও। (সূরা আল ইমরান-৫৩)

رَبَّنَا اغْفِرْلَنَا ذُنُوْبَنَا وَإِسْرَافَنَا فِي آَمْرِنَا وَثَبِّتْ اَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَىٰ الْقَوْمِ الْكَفِرِيْنَ. الْقَوْمِ الْكَفِرِيْنَ.

অর্থঃ হে আমাদের প্রভূ! আমাদের ভূল-ক্রটি ও অক্ষমতাকে ক্ষমা কর, আমাদের কাজে-কর্মে তোমার নির্দিষ্ট সীমা যা কিছু লংঘন হয়েছে, তা মাফ করে আমাদের পা মজবুত করে দাও এবং কাফেরদের মোকাবিলায় আমাদের সাহায্য কর। (আল-ইমরান-১৪৭)

অর্থঃ হে আল্লাহ। এই (পৃথিবীর) সব কিছু তুমি অর্থহীন ও উদ্দেশ্যহীন সৃষ্টি কর নাই। তুমি উদ্দেশ্যহীন কাজের বাতৃলতা থেকে পবিত্র। অতএব, হে আল্লাহ। দোজথের আজাব থেকে আমাদেরকে বাঁচাও। (সুরা আল-ইমরাল-১৯১)

رَبَّنَا إِنَّكَ مَنْ تُدُخِلِ النَّارِ فَقَدْ آخْزَيْتَهُ وَمَا لِلظَّلِمِيْنَ مِنْ أَنْصَارِهُ رَبَّنَا إِنَّنَا مَنَادِيًا تُنَادِيًا تُنَادِي لِلإِيْمَانِ آنَ أَمِنُوا بِرَبِّكُمْ فَالْمَنَّا رَبَّنَا فَاغْفِرْلَنَا ذُنُوْبِنَا وَكَفِّرْ عَنَّا سَيِّاٰتِنَا وَتَوَقَّنَا مَعَ الْاَبْرَادِ، رَبَّنَا وَأَتِنَا مَا وَعَدْتَنَا عَلَى رُسُلِكَ وَلَا تُخْرِنَا يَوْمَ الْقِيْمَةِ إِنَّكَ لَا تُخْلِفُ الْمَنْعَادَ.

অর্থঃ হে আমাদের প্রভু। তুমি যাকে দোযথে নিক্ষেপ করেছ তাকে বাস্তবিকই বড়

অপমান ও লজ্জায় নিক্ষেপ করেছ, তাছাড়া এসব জালেমদের সাহায্যকারীও কেউ হবে না। হে আল্লাহ। আমরা একজন আহবানকারীর ঈমানের আহবান গুনেছি। তাই আমরা ঈমান এনেছি। অতএব হে প্রভূ! যে অপরাধ আমরা করেছি তা ক্ষমা করে দাও। আমাদের মধ্যে যা কিছু অন্যায় ও দোষ-ক্রেটি রয়েছে তা দূর করে দাও এবং নেক লোকদের সাথে আমাদের শেষ পরিণতি সম্পন্ন কর। হে আল্লাহ্! তুমি তোমার রাস্লদের মাধ্যমে আমাদের সঙ্গে যে ওয়াদা করেছ তা পূর্ণ কর এবং কিয়ামতের দিন আমাদেরকে লাঞ্ছিত করিও না। নিশ্চয়ই তুমি ওয়াদা ভঙ্গকারী নও। (আল ইমরান-১৯২-১৯৪)

رَبَّنَا آخِرِجْنَا مِنْ هَٰذِهِ الْقَرْيَةِ الطَّالِمِ آهَلُهَا وَاجْعَلْ لَّنَا مِنْ لَّدُنْكَ وَلِيًّا وَاجْعَلْ لَّنَا مِنْ لَدُنْكَ وَلِيًّا وَاجْعَلْنَا مِنْ لَدُنْكَ نَصِيْرًا.

হে আমাদের প্রস্থা আমাদেরকে এই জনপদ হতে বের করে লও, যার অধিবাসীগণ অত্যাচারী এবং তোমার নিকট হতে আমাদের জন্য কোন বন্ধু-দরদী ও সাহায্যকারী পাঠাও (নিসা-৭৫)

رَبُّنَا الْمَثَّا فَاكْتُبْنَا مَعَ الشِّهِدِيْنَ

অর্থঃ হে আমাদের প্রভূ। আমরা ঈমান এনেছি। আমাদের নাম সাক্ষীদাতাদের সংগে লিখে দাও। (সুরা মারেদা-৮৩)

رَبِّنَا ظَلَمْنَا أَنْفُسَنَا وَإِنْ لَّمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُوْنَنَّ مِنَ الْخُسِرِينَ ل

অর্থঃ হে আমাদের প্রভূ! আমরা নিজেরাই নিজেদের উপর জুলুম করেছি; এখন ভূমি যদি আমাদের ক্ষমা না কর, আর আমাদের প্রতি রহম না কর, তাহলে আমরা নিচিতই ধ্বংস হয়ে যাব। (আবাহ-২৩)

رَبَّنَا لَا تَجْعَلْنَا مَعَ الْقَوْمِ السَّلِلِمِيْنَ.

অর্থঃ হে আমাদের প্রভূ। আমাদেরকে এই জালেম লোকদের মধ্যে শামিল করোনা। (স্রা আরাক-৪৭)

رَبُّنَا افْتَحْ بَيْنَنَا وَبَيْنَ قَوْمِنَا بِالْحَقِّ وَأَنْتَ خَيْرُ الْفْتِحِيْنَ.

অর্থঃ হে আমাদের প্রভূ। আমাদের ও আমাদের জাতির লোকদের মাঝে সঠিকভাবে ফয়সালা করে দাও, আর তুমিই সর্বোত্তম ফয়সালাকারী। (সুরা আরাফ-৮৯)

رَبُّنَا } أَفِرغُ عَلَيْنَا صَبْرًا وَتُونَّنَّا مُشْلِمِيْنَ.

অর্থঃ হে আমাদের রব। আমাদেরকে ধৈর্য ধারণের ক্ষমতা দাও। আর আমাদেরকে দুনিয়া হতে এমন অবস্থায় উঠিয়ে লও, যখন আমরা তোমারই অনুগত। (স্রা

رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِّلْقُومِ الطّلِمِيْنَ.

অর্থঃ হে আমাদের রব। আমাদেরকে জালেম লোকদের জন্য ফেতনা বানাইওনা। (সূরা ইউনুস-৮৫)

رُبُّنا وَنَّكَ تَعْلُمُ مَا نُخْفِى وَمَا نُعْلِنُ

**অর্থঃ হে** আমাদের প্রভূ। যা গোপন করি যা প্রকাশ করি তুমি সব জান। (স্রা <sup>ইবরাহীম-৩৮)</sup>

رَبُّنَا اغْفِرْلِي وَلِوَالِدَيُّ وَلِلْمُؤْمِنِيْنَ يَوْمَ يَقُومُ الْحِسَابُ

অর্থঃ হে আমাদের প্রভূ! আমাকে ও আমার পিতা-মাতাকে এবং সব ঈমানদার লোকদেরকে সেইদিন ক্ষমা করে দিও যখন হিসাব কার্যকর হবে। (সূরা ইব্রাহীম-৪১)

رُبُّنَا الْتِنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً وَّهَيِّئَ لَنَا مِنْ أَمْرِنَا رَشَدًا.

অর্থঃ হে আমাদের প্রভূ। আমাদেরকে তোমার বিশেষ রহমত দ্বারা ধন্য কর এবং আমাদের সমস্ত ব্যাপারটি সুষ্ঠু ও সঠিকরূপে গড়ে দাও। (স্রা কাহক-১০)

رَبُّنَا أُمنَّا فَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا وَأَنْتَ خَيْرٌ الرَّحِمِيْنَ. ٧

অর্থঃ হে আমাদের প্রভূ। আমরা ঈমান এনেছি, আমাদের মাফ করে দাও, আমাদের প্রতি রহম কর, তুমি সব রহমকারীদের হতে অতি উত্তম দয়াবান। (সূরা মুমেনুন-১০৯)

رُبُّنَا اصْرِفْ عَنَّا عَذَابَ جَهَنَّمَ إِنَّ عَذَابَهَا كَانَ غَرَامًا . ٣

অর্থঃ হে আমাদের রব! জাহান্নামের আজাব হতে আমাদেরকে বাঁচাও। উহার আজব ত বড়ই প্রাণান্তকর ভাবে লেগে থাকে। (সূরা ফুরক্নান-৬৫)

অর্থঃ হে আমাদের প্রভূ! আমাদের স্ত্রীদের ও আমাদের সন্তানদের দারা আমাদের চক্ষুসমূহের শীতলতা দাও এবং আমাদেরকে পরহেযগার লোকদের ইমাম বানাও। (স্রা ফুরকান-৭৪)

অর্থঃ হে আমাদের পরোয়ারদিগার! আমাদেরকে এবং আমাদের সেই সব ভাইকে ক্ষমা কর যারা আমাদের পূর্বে ঈমান গ্রহণ করেছে। আর আমাদের অন্তরে ঈমানদার লোকদের জন্য কোন হিংসা ও শক্রতাভাব রাখিও না। হে আমাদের রব। তুমিই বড় অনুগ্রহসম্পন্ন এবং করুণাময়। (সূরা হাশর-১০)

অর্থঃ হে আমাদের রব! তোমার উপরই আমরা ভরসা ও নির্ভরতা রেখেছি আর তোমার দিকেই আমরা প্রত্যাবর্তন করেছি এবং তোমার সমীপে আমাদেরকে প্রত্যাবর্তন করতে হবে। (সূরা মুম্ভাহিনা-৪)

অর্থঃ হে আমাদের প্রভূ! আমাদেরকে কাফেরদের জন্য ফিতনা বানায়ে দিও না। হে আমাদের রব! আমাদের অপরাধগুলোকে মাফ করে দাও। নিঃসন্দেহ যে তুমিই মহাপরাক্রমশালী ও সুবজ্ঞ বিচক্ষণ। (সূরা মুমতাহিনা-৫)

সমাপ্ত